

বাবা অজয় দাশগুপ্ত

শৈশবেতে
প্রথম সবাই
তার কাঁধেতে চড়ে
উঠেছিলাম
সবার ওপর
আজো মনে পড়ে

রাশভারী এক কর্তা বাবা
মাথার ওপর ছান্দ
সংসারেতে সূর্য তিনি
মা তার ছায়ায় চান্দ

গরীব দেশের গরীব মানুষ
গরীব যে সরকার
কোথায় পাবো অর্থ কড়ি
যখন যা দরকার
তিনই ছিলেন ভান্ডার এক
অসীম এবং সীমা
পরিবারের কর্তা তিনি
তিনই যে ব্যাঙ্ক বীমা

ক্রমে যখন সময় বাড়ে
বয়স হানে থাবা
বাবা হলেন শিশু এবং
আমি হলাম বাবা

ঘরের কোনে বন্দী বাবার
বন্ধ হাঁটাহাঁটি
উঠলো চোখে চশমা ভারী
হাতে এলো লাঠি

একটি দু'টি ঘরে সবাই
বাঁচি কোনো ক্রমে
বাবা তবু সাথেই থাকেন
থাকেন না ওল্ড হোমে

দিবস দিয়ে যায় না বাঁধা
সূর্যালোকের আভা
ভালোবাসায় চিরদিনই
বেঁচে থাকেন বাবা।

dasguptajoy@hotmail.com